গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

এবং

মন্ত্রিপরিষদ সচিব-এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০২২ - জুন ৩০, ২০২৩

# সূচিপত্র

মন্ত্রণালয়/বিভাগের কর্মসম্পাদনের সার্বিক চিত্র ........ ৩

প্রস্তাবনা ........ ৪

সেকশন ১: মন্ত্রণালয়/বিভাগের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি ........ ৫

সেকশন ২: মন্ত্রণালয়/বিভাগের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) ........ ৬

সেকশন ৩: কর্মসম্পাদন পরিকল্পনা ........ ৭

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) ........ ১৩

সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক ........ ১৪

সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ ........ ১৮

সংযোজনী ৪: যেসব নীতি/পরিকল্পনার আলোকে কর্মসম্পাদন পরিকল্পনা প্রস্তুত করা হয়েছে ........ ১৯

সংযোজনী ৫-৯: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ ........ ২০

# মন্ত্রণালয়/বিভাগের কর্মসম্পাদনের সার্বিক চিত্র
# (Overview of the Performance of the Ministry/Division)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা**

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:**

সাম্প্রতিক সময়ে স্বাস্থ্য সেবা বিভাগ কোভিড-১৯ প্রতিরোধে কোভিডে আক্রান্ত, মৃত্যু এবং টিকা দানে সারা বিশ্বে তুলনামূলক অসাধারণ সাফল্য অর্জন করেছে । ১১ কোটি মানুষের লক্ষ্যমাত্রার বিপরীতে ফেব্রুয়ারি ২০২২ পর্যন্ত বিনামূল্যে ১৩ কোটি ৮৫ লক্ষ ১ম ডোজ, ১১ কোটি ৬১ লক্ষ ২য় ডোজ এবং ১ কোটি ২১ লক্ষ বুস্টার ডোজসহ সর্বমোট ২৬ কোটি ৬৭ লক্ষ ডোজ কোভিড-১৯ ভ্যাকসিন প্রদান করা হয়েছে। গত ৩ বছরে নিয়োগ দেয়া হয়েছে ৭১২৬ জন চিকিৎসক, ১০১৬৭ জন নার্স এবং ২৫৫১ জন মিডওয়াইফকে। এছাড়া সারাদেশে ১২৪টি RT-PCR ল্যাব, ১০৯২টি ICU/CCU, ১৬২৩টি হাই ফ্লো ন্যাজাল ক্যানোলা এবং ৪৮টি সেন্ট্রাল অক্সিজেন সিস্টেম/প্লান্ট স্থাপন করা হয়েছে। গ্রামীণ স্বাস্থ্য সেবা নিশ্চিতকরণে গত তিন বছরে ৩৩৯ টি নতুন কমিউনিটি ক্লিনিক স্থাপনসহ মোট ১৪০৬২ টি ক্লিনিকে করা হয়েছে সেবার মান বৃদ্ধি। দেশীয় ঔষধের চাহিদার প্রায় ৯৮% মিটিয়ে যুক্তরাষ্ট্রসহ বিশ্বের ১৫৭ টি দেশে ঔষধ রপ্তানি কার্যক্রম চলমান রয়েছে। ঢাকায় শেখ রাসেল গ্যাস্ট্রোলিভার ইনস্টিটিউট এবং শেখ রাসেল ট্রমা সেন্টার, মানিকগঞ্জে কর্নেল মালেক, সিরাজগঞ্জে ক্যাপ্টেন মনসুর আলী, গাজীপুরে শহিদ তাজউদ্দীন আহমেদ, কিশোরগঞ্জে সৈয়দ নজরুল ইসলাম এবং সাতক্ষীরা মেডিকেল কলেজ হাসপাতাল স্থাপন করা হয়েছে। রংপুর বিভাগে চালু করা হয়েছে ১০০ শয্যা বিশিষ্ট একটি শিশু হাসপাতাল। ৫টি বিভাগের ২০ টি জেলার ৭০টি উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে স্থাপন করা হয়েছে ‘কমিউনিটি ভিশন সেন্টার’। কোভিড-১৯ টিকা ব্যতীত অন্যান্য টিকাদান কর্মসূচিতে বাংলাদেশের সফলতার জন্য মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে ‘ভ্যাকসিন হিরো’ পুরস্কার দিয়েছে GAVI। মানুষের গড় আয়ু বেড়ে দাঁড়িয়েছে ৭২ দশমিক ৮ বছর, যা ২০১৯ সালে ছিল ৭২ দশমিক ৬ বছর। স্বাস্থ্য সেবার আইনগত ভিত্তি সুপ্রতিষ্ঠিত করার লক্ষ্যে যুগপোযোগী আইন প্রণয়ন করা হয়েছে।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:**

কোভিড-১৯ বৈশ্বিক মহামারীর আরও দীর্ঘাস্থায়ী হলে অত্যাবশ্যকীয় ও নিয়মিত স্বাস্থ্য সেবা ব্যাহত হওয়ার আশঙ্কা দেখা দিবে এবং ২০৩০ খ্রি: মধ্যে স্বাস্থ্য খাতে এসডিজি’র লক্ষ্য সমূহ অর্জনে আশঙ্কা দেখা দিতে পারে। এছাড়া সার্বজনীন মানসম্মত চিকিৎসা সেবা নিশ্চিত করা স্বাস্থ্য সেবা খাতের প্রধান চ্যালেঞ্জ। এক্ষেত্রে অন্যতম চ্যালেঞ্জ অবকাঠামো ও জনবল খাতে ব্যাপক বিনিয়োগ, দক্ষ ও নিবেদিত বিশেষজ্ঞ ডাক্তার, নার্স ও অন্যান্য কর্মচারীর ব্যবস্থা করা।

**ভবিষ্যৎ পরিকল্পনা:**

স্বাস্থ্য সেবা বিভাগের অন্যতম প্রধান পরিকল্পনা কোভিড-১৯ নিয়ন্ত্রণে রাখা এবং ২০৩২ সালের মধ্যে সর্বজনীন স্বাস্থ্য সেবা নিশ্চিত করা। তৃণমূল পর্যায়ে প্রাথমিক স্বাস্থ্য সেবা নিশ্চিতকরণে আরও ৬০টি কমিউনিটি ক্লিনিক নির্মাণ, ২০২৪ সালের মধ্যে বিভাগীয় শহরে ৪৬০ শয্যা বিশিষ্ট কিডনী ডায়ালাইসিস, হৃদরোগ ও ক্যান্সার ইন্স্টিটিউট নির্মাণ কাজ সম্পন্ন, জুন ২০২৩ এর মধ্যে ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতালকে ৫০০০ শয্যায় রূপান্তরের সম্ভাব্যতা যাচাই সম্পন্ন করা ও ২০২৪ সালের মধ্যে ৮টি বিভাগে ১০০ শয্যা বিশিষ্ট একটি করে বিশেষায়িত শিশু হাসপাতাল চালু করা। জনগণের পুষ্টিমান উন্নয়নে ভিটামিন-এ পরিপূরক গ্রহীতার হার ২০৩০ সালের মধ্যে ১০০ ভাগে উন্নীতকরণ।

**২০২২-২৩ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

- কোভিড-১৯ মহামারী মোকাবেলায় স্বল্প, মধ্য ও দীর্ঘ মেয়াদী পরিকল্পনায় "COVID-19 ইআরপিপি " এবং "COVID-19 আরইএ " বিষয়ক দুটি প্রকল্প গ্রহণ;
- গোপালগঞ্জে শেখ সায়রা খাতুন মেডিকেল কলেজ ও হাসপাতাল চালুকরণ এবং ০৪টি মেডিকেল কলেজ হাসপাতালে একটি করে মাল্টিপারপাস ভবন নির্মাণ সম্পন্ন;
- ৬০ টি নতুন কমিউনিটি ক্লিনিক নির্মাণ এবং ২৫০টি কমিউনিটি ক্লিনিক পুনঃ নির্মাণ;
- ০৭টি উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স ৩১ শয্যা থেকে ৫০ শয্যায় উন্নীতকরণ, ০৩ টি উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স ৫০ শয্যা থেকে ১০০ শয্যায় উন্নীতকরণ এবং
- এস ডি জি লক্ষ্যমাত্রা অর্জনের সাথে সমন্বয় করে স্বাস্থ্য খাতের লক্ষ্যমাত্রা অর্জন।

# প্রস্তাবনা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়-এর দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রীর প্রতিনিধি হিসাবে সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

এবং

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি হিসাবে মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ-এর মধ্যে ২০২২ সালের ................. মাসের ................. তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন ১

## মন্ত্রণালয়/বিভাগের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

### ১.১ রূপকল্প (Vision)

সকলের জন্য সাশ্রয়ী ও মানসম্মত স্বাস্থ্য সেবা।

### ১.২ অভিলক্ষ্য (Mission)

স্বাস্থ্য, পুষ্টি ও জনসংখ্যা খাতের উন্নয়নের মাধ্যমে সবার জন্য সুলভে মানসম্মত স্বাস্থ্য সেবা নিশ্চিত করে একটি সুস্থ সবল ও কর্মক্ষম জনগোষ্ঠী গড়ে তোলা।

### ১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives)

#### ১.৩.১ মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. সর্বজনীন স্বাস্থ্য সেবার সুযোগ সম্প্রসারণ
২. মা ও শিশু স্বাস্থ্য সেবা জোরদারকরণ ও স্বাস্থ্য সেবার মানোন্নয়ন
৩. সংক্রামক ও অসংক্রামক রোগ বিশেষ করে কোভিড-১৯ সহ নতুন আর্বিভূত রোগ প্রতিরোধ ও নিয়ন্ত্রণ
৪. স্বাস্থ্য সেবার অবকাঠামো ও আওতা সম্প্রসারণ
৫. ঔষধ খাতের মানোন্নয়ন এবং আমদানি ও রপ্তানিযোগ্য ঔষধের মান নিয়ন্ত্রণ

#### ১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ

### ১.৪ কার্যাবলি (Functions)

১. স্বাস্থ্য সংক্রান্ত যুগোপযোগী নীতিমালা প্রণয়ন এবং বাস্তবায়ন;
২. নার্সিং সেবা ব্যবস্থাপনা সংক্রান্ত যুগোপযোগী নীতিমালা প্রণয়ন ও বাস্তবায়ন;
৩. স্বাস্থ্য ও পুষ্টি সেবা প্রদান এবং জনগণের প্রত্যাশিত সেবার পরিধি সম্প্রসারণ;
৪. স্বাস্থ্য ও চিকিৎসা সুবিধাদিসহ জনস্বাস্থ্য উন্নয়ন;
৫. মানসম্পন্ন ঔষধ উৎপাদন ও বিতরণ এবং আমদানি ও রপ্তানিযোগ্য ঔষধের মান নিয়ন্ত্রণ;
৬. স্বাস্থ্য সেবা সংক্রান্ত স্থাপনা নির্মাণ, রক্ষণাবেক্ষণ ও সম্প্রসারণ;
৭. শিশু ও মাতৃ স্বাস্থ্য সেবা, সম্প্রসারিত টিকাদান কর্মসূচি এবং পুষ্টি উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন; এবং
৮. সংক্রামক ও অসংক্রামক ব্যাধি এবং নতুন আবির্ভূত রোগ নিয়ন্ত্রণ ও প্রতিকার।

## সেকশন ২

## বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| চূড়ান্ত ফলাফল/প্রভাব | কর্মসম্পাদন সূচকসমূহ | একক | প্রকৃত অর্জন ২০২০-২১ | প্রকৃত অর্জন* ২০২১-২২ | লক্ষ্যমাত্রা ২০২২-২৩ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০২৩-২০২৪ | ২০২৪-২০২৫ | | |
| ২০২৫ সালের মধ্যে গড় আয়ু ৭৪ বছরে উন্নীতকরণ | প্রত্যাশিত আয়ুষ্কাল | বছর | ৭২.৬ | ৭২.৬ | ৭২.৮ | ৭৩.০ | ৭৩.২ | স্থানীয় সরকার বিভাগ, স্বাস্থ্য সেবা বিভাগ ও স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ | এসভিআরএস, ২০২০ |
| ২০২৫ সালের মধ্যে নবজাতক ও ৫ বছরের নিচে শিশুমৃত্যুর হার যথাক্রমে ১২ ও ২৫ (প্রতি হাজারে) নামিয়ে আনা | নবজাতক মৃত্যু হার | প্রতি হাজার জীবিত জন্মে | ১৬ | ১৫ | ১৪ | ১৩.৫ | ১৩ | স্থানীয় সরকার বিভাগ, স্বাস্থ্য সেবা বিভাগ ও স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ | এসভিআরএস, ২০২০ |
| | ৫ বছর কম বয়সী শিশু মৃত্যু হার | প্রতি হাজারে | ২৮ | ২৭.৮০ | ২৭.৬০ | ২৭.৪০ | ২৭.২০ | স্থানীয় সরকার বিভাগ, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ ও মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় | এসভিআরএস, ২০২০ |
| ২০২৫ সালের মধ্যে মাতৃ মৃত্যু হ্রাস করে ১৩০ (প্রতি লক্ষ্যে জীবিত জন্মে) নামিয়ে আনা | মাতৃ মৃত্যু অনুপাত | প্রতি লক্ষ জীবিত জন্মে | ১৬৫ | ১৬০ | ১৫০ | ১৪০ | ১৩৫ | স্থানীয় সরকার বিভাগ, স্বাস্থ্য সেবা বিভাগ ও স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ | এসভিআরএস, ২০২০ |
| ২০২৫ সালের মধ্যে শিশুর অপুষ্টির হার ২২ এ নামিয়ে আনা | খর্ব শিশু (৬-৫৯ মাস বয়সী) | % | ৩২.৮ | ৩১ | ২৮ | ২৫ | ২৩ | স্থানীয় সরকার বিভাগ, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, কৃষি মন্ত্রণালয়, খাদ্য মন্ত্রণালয়, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় | বিডিএইচএস®, ২০১৭-১৮ |
| ২০২৫ সালের মধ্যে টিকা দান কভারেজ হার ৯৮ এ উন্নীতকরণ | টিকা দান কভারেজ হার (মিসেলস, রুবেলা) | % | ৮৩.৯০ | ৯১.৮০ | ৯৩.৩৫ | ৯৪.৯০ | ৯৬.৪৫ | স্থানীয় সরকার বিভাগ স্বাস্থ্য সেবা বিভাগ ও স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ | ইপিআই-সিইএস, ২০১৯ |

*সাময়িক (provisional) তথ্য

# সেকশন ৩
# কর্মসম্পাদন পরিকল্পনা

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২০-২১ | প্রকৃত অর্জন* ২০২১-২২ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২২-২৩ | | | | | প্রক্ষেপণ ২০২৩-২০২৪ | প্রক্ষেপণ ২০২৪-২০২৫ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ** | | | | | | | | | | | | | | | |
| [১] সর্বজনীন স্বাস্থ্য সেবার সুযোগ সম্প্রসারণ | ২২ | [১.১] মানব সম্পদের দক্ষতা বৃদ্ধি | [১.১.১] ICU সেবা বিষয়ে বিশেষ প্রশিক্ষণ প্রাপ্ত নার্স ও মিডওয়াইফদের পদায়ন | সমষ্টি | সংখ্যা | ১ | | | ৩০০ | ২৯০ | ২৮০ | ২৫০ | ২৪০ | ৪০০ | ৫০০ |
| | | | [১.১.২] বয়স্ক ব্যক্তিদের স্বাস্থ্য সেবা প্রদানের বিষয়ে বিশেষ প্রশিক্ষণ প্রাপ্ত নার্স ও মিডওয়াইফদের সংখ্যা | সমষ্টি | সংখ্যা | ১ | | | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ | ১৫০ | ২০০ |
| | | | [১.১.৩] ক্যান্সার সেবা প্রদানের বিষয়ে বিশেষ প্রশিক্ষণ প্রাপ্ত নার্স ও মিডওয়াইফদের সংখ্যা | সমষ্টি | সংখ্যা | ১ | | | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ | ১৫০ | ২০০ |
| | | | [১.১.৪] কিডনী ডায়ালাইসিসসহ অন্যান্য স্বাস্থ্য সেবা প্রদানের বিষয়ে বিশেষ প্রশিক্ষণ প্রাপ্ত নার্স ও মিডওয়াইফদের সংখ্যা | সমষ্টি | সংখ্যা | ১ | | | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ | ১৫০ | ২০০ |
| | | | [১.১.৫] সিনিয়র স্টাফ নার্স/নার্সগণের শিশুদের বিশেষ যত্ন বিষয়ক প্রশিক্ষণ ও পদায়ন | সমষ্টি | সংখ্যা | ১ | | ২০০ | ২১০ | ২০০ | ১৯০ | ১৮০ | ১৭৫ | ২৫০ | ২৮০ |
| | | | [১.১.৬] ICU সেবা ও শিশুদের বিশেষ যত্ন বিষয়ক প্রশিক্ষিত নার্সদের পদায়নকৃত কর্মস্থল পরিদর্শন | সমষ্টি | সংখ্যা | ১ | | | ৮ | ৭ | ৬ | ৫ | ৪ | ১২ | ১৫ |
| | | | [১.১.৭] ICU সেবা ও শিশুদের বিশেষ যত্ন বিষয়ক প্রশিক্ষিত নার্সদের পদায়নকৃত কর্মস্থল পরিদর্শনের সুপারিশ বাস্তবায়ন পর্যালোচনা সভা | সমষ্টি | সংখ্যা | ১ | | | ২ | ১ | | | | ২ | ২ |
| | | [১.২] সমসাময়িক বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয়ে স্বাস্থ্য সেবা বিভাগের নিজস্ব অভ্যন্তরীণ লার্নিং সেশন/প্রশিক্ষণ আয়োজন করা | [১.২.১] লার্নিং সেশন/প্রশিক্ষণ আয়োজিত | সমষ্টি | সংখ্যা | ২ | | ১০ | ১০ | ৯ | ৮ | ৭ | ৬ | ১২ | ১৫ |
| | | [১.৩] ক্লিনিক ও হাসপাতালের অবকাঠামো নির্মাণ-পুন:নির্মাণ, যন্ত্রপাতি ক্রয়, সংগ্রহ, সরবরাহ ও মনিটরিং | [১.৩.১] ৩১ হতে ৫০ শয্যায় উন্নীত উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স নির্মিত | ক্রমপুঞ্জিভূত | সংখ্যা | ২ | ৩৮১ | ৩৯৩ | ৪০০ | ৩৯৯ | ৩৯৮ | ৩৯৭ | ৩৯৬ | ৪১০ | ৪২০ |
| | | | [১.৩.২] উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স পুন:নির্মাণ | ক্রমপুঞ্জিভূত | সংখ্যা | ১ | ৫ | ৮ | ১৪ | ১৩ | ১২ | ১০ | ৯ | ২২ | ৩০ |
| | | | [১.৩.৩] নতুন কমিউনিটি ক্লিনিক নির্মাণ | ক্রমপুঞ্জিভূত | সংখ্যা | ১ | ১৪০৯৩ | ১৪১৮১ | ১৪২৪১ | ১৪২৩৭ | ১৪২৩৩ | ১৪২২৯ | ১৪২২৫ | ১৪৪০০ | ১৪৬০০ |
| | | | [১.৩.৪] কমিউনিটি ক্লিনিক পুন:নির্মাণ | ক্রমপুঞ্জিভূত | সংখ্যা | ১ | ৬৮০ | ৭৯৬ | ১০০০ | ৯৮০ | ৯৫০ | ৯৩০ | ৯২০ | ১৩০০ | ১৫০০ |
| | | | [১.৩.৫] নির্মিত উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, কমিউনিটি ক্লিনিক, ইউনিয়ন উপ-স্বাস্থ্য কেন্দ্র ও ৩১ হতে ৫০ শয্যায় উন্নীত উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স কার্যক্রম মনিটরিং/ পরিদর্শন | সমষ্টি | সংখ্যা | ১ | | | ৩০ | ২৮ | ২৭ | ২৬ | ২৫ | ৩০ | ৩০ |
| | | | [১.৩.৬] পরিদর্শন প্রতিবেদনের সুপারিশ বাস্তবায়নে পর্যালোচনা সভা | সমষ্টি | সংখ্যা | ১ | | | ৪ | ৩ | ২ | ১ | | ৪ | ৪ |
| | | [১.৪] পুষ্টি সেবা বৃদ্ধি নিশ্চিত করা | [১.৪.১] শিশুদের (৬-৫৯ মাস) ভিটামিন–এ খাওয়ানোর হার | গড় | % | ১ | ৯৮ | ৯৬ | ৯৬.৫ | ৯৫ | ৯৪ | ৯৩ | ৯২ | ৯৬.৫ | ৯৬.৫ |
| | | | [১.৪.২] কৃমিনাশক ট্যাবলেট গ্রহণকারী শিশু (৫-১৬ বছর) | গড় | % | ১ | ৯৫ | ৯৫ | ৯৬ | ৯৫ | ৯৪ | ৯৩ | ৯২ | ৯৮ | ৯৮ |
| | | [১.৫] দারিদ্রসীমার নিচে বসবাসকারী জনগণের আর্থিক প্রতিবন্ধকতা দূর করে মানসম্মত স্বাস্থ্য সেবা প্রদানের লক্ষ্যে গৃহীত পাইলট কর্মসূচি | [১.৫.১] স্বাস্থ্য সুরক্ষা কর্মসূচির পাইলট প্রকল্প বাস্তবায়নকৃত উপজেলা/থানা বৃদ্ধিকরণ | ক্রমপুঞ্জিভূত | সংখ্যা | ১ | ৩ | ৮ | ৩০ | ২৫ | ২০ | ১৫ | ১০ | | |
| | | | [১.৫.২] দারিদ্র্যসীমার নিচে বসবাসকারী জনগোষ্ঠীর ডাটাবেস তৈরিকরণ | ক্রমপুঞ্জিভূত | সংখ্যা | ১ | ৮১৬১৯ | ১৪৮০০০ | ২৬৮০০০ | ২৪০০০০ | ২০০০০০ | ১৮০০০০ | ১৬০০০০ | ৩৬৮০০০ | ৫০০০০০ |
| | | | [১.৫.৩] স্বাস্থ্য সুরক্ষা কর্মসূচি কার্যক্রম মনিটরিং/পরিদর্শন | সমষ্টি | সংখ্যা | ১ | | | ৪ | ৩ | ২ | ১ | | | |
| | | | [১.৫.৪] স্বাস্থ্য সুরক্ষা কমসূচি মনিটরিং/পরিদর্শণের সুপারিশ বিষয়ে পর্যালোচনা সভা | সমষ্টি | সংখ্যা | ১ | | | ২ | ১ | | | | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২০-২১ | প্রকৃত অর্জন* ২০২১-২২ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২২-২৩ | | | | | প্রক্ষেপণ ২০২৩-২০২৪ | প্রক্ষেপণ ২০২৪-২০২৫ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমুহ** | | | | | | | | | | | | | | | |
| [২] মা ও শিশু স্বাস্থ্য সেবা জোরদারকরণ ও স্বাস্থ্য সেবার মানোন্নয়ন | ১৮ | [২.১] কমিউনিটি পর্যায়ে চক্ষু সেবার চিকিৎসার মানোন্নয়ন | [২.১.১] কমিউনিটি ভিশন সেন্টার স্থাপনকৃত | ক্রমপুঞ্জিভূত | সংখ্যা | ২ | | ৪৫ | ৯৫ | ৯২ | ৯০ | ৮৮ | ৮৫ | ১২০ | ১৩০ |
| | | [২.২] স্বাস্থ্য প্রতিষ্ঠান ডিজিটাইলেজন ও সেবার মান বৃদ্ধি | [২.২.১] হাসপাতাল অটোমেশনকৃত | সমষ্টি | সংখ্যা | ১ | | | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ১০৫ | ১১০ |
| | | | [২.২.২] মেডিকেল বর্জ্য ব্যবস্থাপনার জন্য উপজেলা হাসপাতালে পিট নির্মাণকৃত | সমষ্টি | সংখ্যা | ১ | | | ২০ | ১৮ | ১৬ | ১৫ | ১৪ | ২৫ | ৩০ |
| | | | [২.২.৩] অটিজম ও নিউরো-ডেভেলপমেন্টাল ডিসঅর্ডারে আক্রান্ত শিশুদের প্রদেয় সেবার সংখ্যা | সমষ্টি | সংখ্যা (লক্ষ) | ১ | | | ১.২২ | ১.২১ | ১.২০ | ১.১৮ | ১.১৫ | ১.২৫ | ১.২৫ |
| | | [২.৩] জনস্বাস্থ্য সুরক্ষার লক্ষ্যে আইন প্রণয়ন | [২.৩.১] ধূমপান ও তামাকজাতদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০০৫ এর সংশোধনী মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ | তারিখ | তারিখ | ২ | | | ৩১.১২.২২ | ১৫.০১.২৩ | ৩০.০১.২৩ | ১৫.০২.২৩ | ২৮.০২.২৩ | | |
| | | [২.৪] হাসপাতাল পরিদর্শন ও গবেষণা কার্যক্রম | [২.৪.১] ২০২১-২২ অর্থবছরে সম্পাদিত স্ট্যাডি/গবেষণার ফলাফল/সুপারিশ কার্যক্রম পর্যালোচনা সভা সম্পাদিত | সমষ্টি | সংখ্যা | ২ | | | ৩ | ২ | ১ | | | | |
| | | | [২.৪.২] জেলা হাসপাতাল, মেডিকেল কলেজ হাসপাতাল ও বিশেষায়িত হাসপাতাল পরিদর্শন | সমষ্টি | সংখ্যা | ১ | | | ৫০ | ৪৫ | ৪০ | ৩৮ | ৩৫ | ৬০ | ৬০ |
| | | | [২.৪.৩] উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স ও কমিউনিটি ক্লিনিক পরিদর্শন | সমষ্টি | সংখ্যা | ১ | | | ৮০ | ৭৫ | ৭০ | ৬৫ | ৬০ | ৮০ | ৯০ |
| | | | [২.৪.৪] পরিদর্শন প্রতিবেদনের সুপারিশ বাস্তবায়নে পর্যালোচনা সভা | সমষ্টি | সংখ্যা | ১ | | | ৪ | ৩ | ২ | ১ | | ৪ | ৪ |
| | | [২.৫] প্রসব সুবিধা সম্প্রসারণ | [২.৫.১] আয়রন-ফলেট ট্যাবলেট গ্রহণকারী গর্ভবতী মা | গড় | % | ১ | ৯৮ | ৯৬ | ৯৭ | ৯৬ | ৯৫ | ৯৪ | ৯৩ | ৯৭ | ৯৭ |
| | | | [২.৫.২] প্রসবপূর্ব (ন্যূনতম ৪ বার) সেবা প্রদানকৃত | গড় | % | ১ | ৩২ | ৩৩ | ৩৮ | ৩৭ | ৩৬ | ৩৫ | ৩৪ | ৩৯ | ৪০ |
| | | | [২.৫.৩] প্রসবপূর্ব সেবা বৃদ্ধির জন্য ক্যাম্পেইন আয়োজন | সমষ্টি | সংখ্যা | ১ | | | ৪০ | ৩৫ | ৩০ | ২৫ | ২০ | ৫০ | ৫০ |
| | | | [২.৫.৪] দক্ষধাত্রী (এসবিএ) দ্বারা পরিচালিত প্রসব | সমষ্টি | % | ১ | ৩৭.৪ | ৪০ | ৪৩ | ৪২.৫ | ৪২ | ৪১ | ৪০ | ৪৫ | ৫০ |
| | | [২.৬] শিশু স্বাস্থ্য সেবা সম্প্রসারণ | [২.৬.১] ইপিআই কভারেজ (এমআর)** | গড় | % | ১ | ৯২ | ৯২.৫ | ৯৩.৫ | ৯৩ | ৯২.৫ | ৯২ | ৯১ | ৯৪ | ৯৪ |
| | | | [২.৬.২] ই-পিআই কার্যক্রম মনিটরিং | সমষ্টি | সংখ্যা | ১ | | | ৩০ | ২৯ | ২৮ | ২৭ | ২৬ | ৩৫ | ৪০ |
| [৩] সংক্রামক ও অসংক্রামক রোগ বিশেষ করে কোভিড-১৯ সহ নতুন আর্বিভূত রোগ প্রতিরোধ ও নিয়ন্ত্রণ | ১০ | [৩.১] বিভিন্ন প্রকল্প বাস্তবায়ন | [৩.১.১] রাঙ্গামাটি মেডিকেল কলেজ হাসপাতাল স্থাপন প্রকল্প ডিপিপি পরিকল্পনা কমিশনে প্রেরণ | তারিখ | তারিখ | ৩ | | | ৩১.০৩.২৩ | ১৫.০৪.২৩ | ৩০.০৪.২৩ | ১৫.০৫.২৩ | ৩০.০৫.২৩ | | |
| | | | [৩.১.২] বিভাগীয় শহরে ক্যান্সার হাসপাতাল, কিডনী বিভাগ ও হৃদরোগ বিভাগ নির্মাণকৃত | ক্রমপুঞ্জিভূত | % | ৩ | | ২০ | ৪০ | ৩৮ | ৩৫ | ৩০ | ২৮ | ৫০ | ৬০ |
| | | | [৩.১.৩] জেলা সদর হাসপাতালে ১০ শয্যা বিশিষ্ট আইসিইউ স্থাপন | সমষ্টি | সংখ্যা | ২ | | ২০ | ১৮ | ১৭ | ১৫ | ১২ | ১০ | | |
| | | | [৩.১.৪] এপিডেমিওলজি ইউনিট স্থাপন | সমষ্টি | সংখ্যা | ২ | | | ১৫ | ১৪ | ১৩ | ১২ | ১০ | | |
| [৪] স্বাস্থ্য সেবার অবকাঠামো ও আওতা সম্প্রসারণ | ১০ | [৪.১] ম্যালেরিয়ার প্রকোপ হ্রাসকরণ | [৪.১.১] ম্যালেরিয়া রোগ পরীক্ষার জন্য আগত রোগীর সংখ্যা | সমষ্টি | সংখ্যা (লক্ষ) | ১ | | ১২ | ১০ | ৯ | ৮ | ৭ | ৬ | ৮ | ৭ |
| | | [৪.২] যক্ষ্মা এবং এইচআইভি ও এইডস প্রতিরোধ এবং নিয়ন্ত্রণ জোরদারকরণ | [৪.২.১] সনাক্তকৃত যক্ষা রোগী (সকল কেস) | সমষ্টি | সংখ্যা (হাজার) | ২ | ২৮০ | ২৯০ | ২৫০ | ২৪৫ | ২৪০ | ২৩৫ | ২৩০ | ২০০ | ১৯০ |
| | | | [৪.২.২] এইচআইভি সনাক্তকরণে সমন্বিত সেবা ও সহযোগিতা গ্রহণকারী ব্যাক্তি | সমষ্টি | সংখ্যা (হাজার) | ১ | ২৯৪.৩ | ৩৫০ | ৩৫০ | ৩৪৫ | ৩৪০ | ৩৩৫ | ৩২০ | ৪০০ | ৪৫০ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২০-২১ | প্রকৃত অর্জন* ২০২১-২২ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২২-২৩ | | | | | প্রক্ষেপণ ২০২৩-২০২৪ | প্রক্ষেপণ ২০২৪-২০২৫ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমুহ** | | | | | | | | | | | | | | | |
| | | [৪.৩] আইসিইউ ও হাসপাতালের জরুরী যন্ত্রপাতি স্থাপন ও সার্ভিসিংকরণ | [৪.৩.১] বিভিন্ন সরকারী হাসপাতালে লিলেন অথবা ওয়াশিং প্লান্টের সক্ষমতা বৃদ্ধি | সমষ্টি | সংখ্যা | ২ | | | ১০ | ৯ | ৮ | ৭ | ৬ | ১২ | ১৪ |
| | | | [৪.৩.২] বিভিন্ন সরকারী হাসপাতালের আইসিইউতে সংক্রামণ প্রতিরোধে নেগেটিভ প্রেসার সিস্টেম স্থাপন | সমষ্টি | সংখ্যা | ২ | | | ৫ | ৪ | ৩ | ২ | ১ | ৭ | ৯ |
| | | | [৪.৩.৩] নেগেটিভ প্রেসার সিস্টেম স্থাপন, ওয়াশিং প্লান্ট স্থাপন কার্যক্রম ফাংশনাল রিপোর্ট পর্যালোচনা সভা | সমষ্টি | সংখ্যা | ২ | | | ২ | ১ | | | | | |
| [৫] ঔষধ খাতের মানোন্নয়ন এবং আমদানি ও রপ্তানিযোগ্য ঔষধের মান নিয়ন্ত্রণ | ১০ | [৫.১] ঔষধের মান নিয়ন্ত্রণে তত্ত্বাবধান জোরদারকরণ | [৫.১.১] ঔষধের বিরূপ প্রতিক্রিয়া সংক্রান্ত প্রাপ্ত প্রতিবেদন বিষয়ে কর্মশালা আয়োজন | সমষ্টি | সংখ্যা | ২ | | | ৩ | ২ | ১ | | | | |
| | | | [৫.১.২] জিএমপি মানদন্ড অনুযায়ী ঔষধের নমুনা পরীক্ষা | সমষ্টি | সংখ্যা | ২ | ২৫৭২ | ২৬৬১ | ২৭০০ | ২৬৫০ | ২৬০০ | ২৫৫০ | ২৫০০ | ২৭৫০ | ২৮০০ |
| | | | [৫.১.৩] জিএমপি মানদন্ড অনুযায়ী ঔষধের নমুনা পরীক্ষা কার্যক্রম বিষয়ে পর্যালোচনা সভা | সমষ্টি | সংখ্যা | ২ | | | ৪ | ৩ | ২ | ১ | | | |
| | | | [৫.১.৪] ঔষধের রেজিস্ট্রেশন/জরুরি ব্যবহার অথোরাইজেশন সনদ প্রাপ্তির আবেদন সিটিজেন চার্টার অনুযায়ী নিষ্পত্তির হার | গড় | % | ২ | | | ৯০ | ৮৫ | ৮০ | ৭০ | ৬০ | ৯৮ | ৯৯ |
| | | | [৫.১.৫] ইডিসিএল এর অভ্যন্তরীন (ঢাকা, বগুড়া,খুলনা, গোপালগঞ্জ) কারখানা পরিদর্শন | সমষ্টি | সংখ্যা | ২ | | | ৪ | ৩ | ২ | ১ | | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২০-২১ | প্রকৃত অর্জন* ২০২১-২২ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২২-২৩ | | | | | প্রক্ষেপণ ২০২৩-২০২৪ | প্রক্ষেপণ ২০২৪-২০২৫ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমুহ** | | | | | | | | | | | | | | | |
| [১] সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ | ৩০ | [১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ১০ | | | | | | | | | |
| | | [১.২] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.২.১] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ১০ | | | | | | | | | |
| | | [১.৩] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৩.১] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৪ | | | | | | | | | |
| | | [১.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৪.১] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৩ | | | | | | | | | |
| | | [১.৫] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৫.১] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৩ | | | | | | | | | |

*সাময়িক (provisional) তথ্য

আমি, সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় মাননীয় মন্ত্রী, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়-এর প্রতিনিধি হিসাবে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি মন্ত্রিপরিষদ সচিবের নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকব।

আমি, মন্ত্রিপরিষদ সচিব, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি হিসাবে সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

| | |
|---|---|
| সচিব<br>স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় | ০৩/০৭/২০২২<br>তারিখ |
| মন্ত্রিপরিষদ সচিব<br>মন্ত্রিপরিষদ বিভাগ | ০৩.০৭.২০২২<br>তারিখ |

# সংযোজনী-১

| ক্রমিক নম্বর | শব্দসংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|
| ১ | COVID-19 ERPP | COVID-19 Emergency Response and Pandemic Preparedness |
| ২ | COVID-19 REA | COVID-19 Response Emergency Assistance |
| ৩ | আইসিইউ(ICU) | Intensive Care Unit |
| ৪ | আরটি-পিসিআর(RT-PCR) | Reverse Transcriptase- Polymerase Chain Reaction |
| ৫ | ইডিসিএল (EDCL) | Essential Drugs Company Limited |
| ৬ | ইপিআই (EPI) | সম্প্রসারিত টিকাদান কর্মসূচি (Expanded Program on Immunization) |
| ৭ | ইপিআই (EPI-CES) | Expanded Program on Immunization- Coverage Evaluation Survey |
| ৮ | এইচআইভি (HIV) | হিউম্যান ইমিউনো ডিফিসিয়েন্সি ভাইরাস (Human Immuno-deficiency Virus) |
| ৯ | এইচএসএম (HSM) | হসপিটাল সার্ভিস ম্যানেজমেন্ট(Hospital Services Management) |
| ১০ | এএনসি (ANC) | প্রসব পূর্ব সেবা (Ante-Natal Care) |
| ১১ | এমআইএস (MIS) | তথ্য ব্যবস্থাপনা পদ্ধতি (Management Information System) |
| ১২ | এমএনসিএএইচ (MNCAH) | ম্যাটারনাল, নিউনেটাল, চাইল্ড এন্ড এডোলেসেন্ট হেল্থ কেয়ার (Maternal, Neonatal, Child and Adolescent Healthcare) |
| ১৩ | এসবিএ (SBA) | দক্ষ ধাত্রী (Skilled Birth Attendant) |
| ১৪ | এসভিআরএস | স্যাম্পল ভাইটাল রেজিস্ট্রেশন সিস্টেম |
| ১৫ | জিএমপি (GMP) | Good Manufacturing Practices |
| ১৬ | ডিজিএইচএস (DGHS) | স্বাস্থ্য অধিদপ্তর (Directorate General of Health Services) |
| ১৭ | ডিজিএফপি (DGFP) | পরিবার পরিকল্পনা অধিদপ্তর (Directorate General of Family Planning) |
| ১৮ | ডিজিডিএ (DGDA) | ডিরেক্টরেট জেনারেল অফ ড্রাগ এডমিনিসট্রেশন (Directorate General of Drug Administration) |
| ১৯ | সিবিএইচসি (CBHC) | কমিউনিটি বেসড হেলথ কেয়ার (Community Based Health Care) |
| ২০ | সিসিইউ(CCU) | Coronary Care Unit |

# সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক |
|---|---|---|---|
| [১.১] মানব সম্পদের দক্ষতা বৃদ্ধি | [১.১.১] ICU সেবা বিষয়ে বিশেষ প্রশিক্ষণ প্রাপ্ত নার্স ও মিডওয়াইফদের পদায়ন | নার্সিং ও মিডওয়ফারি অধিদপ্তর, নার্সিং সেবা-১ অধিশাখা, স্বাস্থ্য সেবা বিভাগ | নার্সিং ও মিডওয়াফরি অধিদপ্তর এবং নার্সিং সেবা-১ অধিশাখা, স্বাস্থ্য সেবা বিভাগ হতে প্রাপ্ত প্রশিক্ষণ ও পদায়নের আদেশ |
| | [১.১.২] বয়স্ক ব্যক্তিদের স্বাস্থ্য সেবা প্রদানের বিষয়ে বিশেষ প্রশিক্ষণ প্রাপ্ত নার্স ও মিডওয়াইফদের সংখ্যা | নার্সিং ও মিডওয়ফারি অধিদপ্তর, নার্সিং সেবা-১ অধিশাখা, স্বাস্থ্য সেবা বিভাগ | নার্সিং ও মিডওয়াফরি অধিদপ্তর এবং নার্সিং সেবা-১ অধিশাখা, স্বাস্থ্য সেবা বিভাগ হতে প্রাপ্ত প্রশিক্ষণের আদেশ |
| | [১.১.৩] ক্যান্সার সেবা প্রদানের বিষয়ে বিশেষ প্রশিক্ষণ প্রাপ্ত নার্স ও মিডওয়াইফদের সংখ্যা | নার্সিং ও মিডওয়ফারি অধিদপ্তর, নার্সিং সেবা-১ অধিশাখা, স্বাস্থ্য সেবা বিভাগ | নার্সিং ও মিডওয়াফরি অধিদপ্তর এবং নার্সিং সেবা-১ অধিশাখা, স্বাস্থ্য সেবা বিভাগ হতে প্রাপ্ত প্রশিক্ষণের আদেশ |
| | [১.১.৪] কিডনী ডায়ালাইসিসসহ অন্যান্য স্বাস্থ্য সেবা প্রদানের বিষয়ে বিশেষ প্রশিক্ষণ প্রাপ্ত নার্স ও মিডওয়াইফদের সংখ্যা | নার্সিং ও মিডওয়ফারি অধিদপ্তর, নার্সিং সেবা-১ অধিশাখা, স্বাস্থ্য সেবা বিভাগ | নার্সিং ও মিডওয়াফরি অধিদপ্তর এবং নার্সিং সেবা-১ অধিশাখা, স্বাস্থ্য সেবা বিভাগ হতে প্রাপ্ত প্রশিক্ষণের আদেশ |
| | [১.১.৫] সিনিয়র স্টাফ নার্স/নার্সগণের শিশুদের বিশেষ যত্ন বিষয়ক প্রশিক্ষণ ও পদায়ন | নার্সিং ও মিডওয়ফারি অধিদপ্তর, নার্সিং সেবা-১ অধিশাখা, স্বাস্থ্য সেবা বিভাগ | নার্সিং ও মিডওয়াফরি অধিদপ্তর এবং নার্সিং সেবা-১ অধিশাখা, স্বাস্থ্য সেবা বিভাগ হতে প্রাপ্ত প্রশিক্ষণ ও পদায়নের আদেশ |
| | [১.১.৬] ICU সেবা ও শিশুদের বিশেষ যত্ন বিষয়ক প্রশিক্ষিত নার্সদের পদায়নকৃত কর্মস্থল পরিদর্শন | নার্সিং ও মিডওয়ফারি অধিদপ্তর, নার্সিং সেবা-১ অধিশাখা, স্বাস্থ্য সেবা বিভাগ | নার্সিং ও মিডওয়াফরি অধিদপ্তর এবং নার্সিং সেবা-১ অধিশাখা, স্বাস্থ্য সেবা বিভাগ হতে প্রাপ্ত পরিদর্শন প্রতিবেদন |
| | [১.১.৭] ICU সেবা ও শিশুদের বিশেষ যত্ন বিষয়ক প্রশিক্ষিত নার্সদের পদায়নকৃত কর্মস্থল পরিদর্শনের সুপারিশ বাস্তবায়ন পর্যালোচনা সভা | স্বাস্থ্য সেবা বিভাগ | সভার কার্যবিবরনী |
| [১.২] সমসাময়িক বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয়ে স্বাস্থ্য সেবা বিভাগের নিজস্ব অভ্যন্তরীণ লার্নিং সেশন/প্রশিক্ষণ আয়োজন করা | [১.২.১] লার্নিং সেশন/প্রশিক্ষণ আয়োজিত | স্বাস্থ্য সেবা বিভাগ | স্বাস্থ্য সেবা বিভাগ কর্তৃক প্রশিক্ষণে মনোনয়নকৃতদের আদেশের কপি |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক |
|---|---|---|---|
| [১.৩] ক্লিনিক ও হাসপাতালের অবকাঠামো নির্মাণ-পুন:নির্মাণ, যন্ত্রপাতি ক্রয়, সংগ্রহ, সরবরাহ ও মনিটরিং | [১.৩.১] ৩১ হতে ৫০ শয্যায় উন্নীত উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স নির্মিত | নির্মাণ অধিশাখা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, স্বাস্থ্য অধিদপ্তর | স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর হতে প্রাপ্ত উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স হস্তান্তরের আদেশ |
| | [১.৩.২] উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স পুন:নির্মাণ | নির্মাণ অধিশাখা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, স্বাস্থ্য অধিদপ্তর | স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর হতে প্রাপ্ত উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স হস্তান্তরের আদেশ |
| | [১.৩.৩] নতুন কমিউনিটি ক্লিনিক নির্মাণ | নির্মাণ অধিশাখা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর | স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর হতে প্রাপ্ত উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স হস্তান্তরের আদেশ |
| | [১.৩.৪] কমিউনিটি ক্লিনিক পুন:নির্মাণ | নির্মাণ অধিশাখা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর | স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর হতে প্রাপ্ত কমিউনিটি ক্লিনিক পুন:নির্মাণের হস্তান্তরের আদেশ |
| | [১.৩.৫] নির্মিত উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, কমিউনিটি ক্লিনিক, ইউনিয়ন উপ-স্বাস্থ্য কেন্দ্র ও ৩১ হতে ৫০ শয্যায় উন্নীত উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স কার্যক্রম মনিটরিং/ পরিদর্শন | উন্নয়ন অনুবিভাগ, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর (HED) | উন্নয়ন অনুবিভাগ, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর (HED) হতে প্রাপ্ত পরিদর্শন প্রতিবেদন |
| | [১.৩.৬] পরিদর্শন প্রতিবেদনের সুপারিশ বাস্তবায়নে পর্যালোচনা সভা | স্বাস্থ্য সেবা বিভাগ | সভার কার্যবিবরনী |
| [১.৪] পুষ্টি সেবা বৃদ্ধি নিশ্চিত করা | [১.৪.১] শিশুদের (৬-৫৯ মাস) ভিটামিন–এ খাওয়ানোর হার | জনস্বাস্থ্য-২, স্বাস্থ্য সেবা বিভাগ, জাতীয় পুষ্টি প্রতিষ্ঠান | ডিএসআইএস-২ তে প্রদত্ত রিপোর্ট জেলা ভিত্তিক কভারেজ অফিস প্রধান কর্তৃক সত্যায়িত কপি |
| | [১.৪.২] কৃমিনাশক ট্যাবলেট গ্রহণকারী শিশু (৫-১৬ বছর) | জনস্বাস্থ্য-১, স্বাস্থ্য সেবা বিভাগ, জাতীয় পুষ্টি প্রতিষ্ঠান | ডিএসআইএস-২ তে প্রদত্ত রিপোর্ট জেলা ভিত্তিক কভারেজ অফিস প্রধান কর্তৃক সত্যায়িত কপি |
| [১.৫] দারিদ্রসীমার নিচে বসবাসকারী জনগণের আর্থিক প্রতিবন্ধকতা দূর করে মানসম্মত স্বাস্থ্য সেবা প্রদানের লক্ষ্যে গৃহীত পাইলট কর্মসূচি | [১.৫.১] স্বাস্থ্য সুরক্ষা কর্মসূচির পাইলট প্রকল্প বাস্তবায়নকৃত উপজেলা/থানা বৃদ্ধিকরণ | স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য অর্থনীতি ইউনিট (HEU) | ২০২১-২২ অর্থবছরে মহাপরিচালক, স্বাস্থ্য অর্থনীতি ইউনিট কর্তৃক স্বাক্ষরিত ডাটাবেজের প্রতিবেদন |
| | [১.৫.২] দারিদ্র্যসীমার নিচে বসবাসকারী জনগোষ্ঠীর ডাটাবেস তৈরিকরণ | স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য অর্থনীতি ইউনিট (HEU) | ২০২১-২২ অর্থবছরে মহাপরিচালক, স্বাস্থ্য অর্থনীতি ইউনিট কর্তৃক স্বাক্ষরিত ডাটাবেজের প্রতিবেদন |
| | [১.৫.৩] স্বাস্থ্য সুরক্ষা কর্মসূচি কার্যক্রম মনিটরিং/পরিদর্শন | স্বাস্থ্য সেবা বিভাগ | পরিদর্শণ প্রতিবেদন |
| | [১.৫.৪] স্বাস্থ্য সুরক্ষা কমসূচি মনিটরিং/পরিদর্শণের সুপারিশ বিষয়ে পর্যালোচনা সভা | স্বাস্থ্য সেবা বিভাগ | সভার কার্যবিবরনী |
| [২.১] কমিউনিটি পর্যায়ে চক্ষু সেবার চিকিৎসার মানোন্নয়ন | [২.১.১] কমিউনিটি ভিশন সেন্টার স্থাপনকৃত | প্রবা-২ শাখা, স্বাস্থ্য সেবা বিভাগ, ন্যাশনাল আই কেয়ার, স্বাস্থ্য অধিদপ্তর | স্থাপিত সেন্টারের তালিকা অফিস প্রধান কর্তৃক সত্যায়িত, স্থাপিত সেন্টারের কার্যক্রমের ছবি |
| [২.২] স্বাস্থ্য প্রতিষ্ঠান ডিজিটাইলেজন ও সেবার মান বৃদ্ধি | [২.২.১] হাসপাতাল অটোমেশনকৃত | হাসপাতাল সার্ভিস ম্যানেজমেন্ট (HSM), স্বাস্থ্য অধিদপ্তর | স্বাস্থ্য অধিদপ্তরের হেলথ্ বুলেটিন |
| | [২.২.২] মেডিকেল বর্জ্য ব্যবস্থাপনার জন্য উপজেলা হাসপাতালে পিট নির্মাণকৃত | সরকারি স্বাস্থ্য ব্যবস্থাপনা-১, স্বাস্থ্য সেবা বিভাগ, হাসপাতাল সার্ভিস ম্যানেজমেন্ট (HSM), স্বাস্থ্য অধিদপ্তর | স্বাস্থ্য অধিদপ্তরের হেলথ্ বুলেটিন |
| | [২.২.৩] অটিজম ও নিউরো-ডেভেলপমেন্টাল ডিসঅর্ডারে আক্রান্ত শিশুদের প্রদেয় সেবার সংখ্যা | অটিজম সেল, স্বাস্থ্য সেবা বিভাগ, হাসপাতাল সার্ভিস ম্যানেজমেন্ট (HSM), স্বাস্থ্য অধিদপ্তর, BSMMU | প্রতিষ্ঠিত শিশু বিকাশ কেন্দ্র ভিত্তিক রোগীর সংখ্যা ও অফিস প্রধান কর্তৃক সত্যায়িত কপি |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক |
|---|---|---|---|
| [২.৩] জনস্বাস্থ্য সুরক্ষার লক্ষ্যে আইন প্রণয়ন | [২.৩.১] ধূমপান ও তামাকজাতদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০০৫ এর সংশোধনী মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ | স্বাস্থ্য সেবা বিভাগ | মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের কপি |
| [২.৪] হাসপাতাল পরিদর্শন ও গবেষণা কার্যক্রম | [২.৪.১] ২০২১-২২ অর্থবছরে সম্পাদিত স্ট্যাডি/গবেষণার ফলাফল/সুপারিশ কার্যক্রম পর্যালোচনা সভা সম্পাদিত | স্বাস্থ্য অর্থনীতি ইউনিট ও স্বাস্থ্য অধিদপ্তর | স্বাস্থ্য অর্থনীতি ইউনিট, স্বাস্থ্য সেবা বিভাগ কর্তৃক প্রকাশিত গবেষণা |
| | [২.৪.২] জেলা হাসপাতাল, মেডিকেল কলেজ হাসপাতাল ও বিশেষায়িত হাসপাতাল পরিদর্শন | মনিটরিং স্বাস্থ্য প্রতিষ্ঠন অধিশাখা, স্বাস্থ্য সেবা বিভাগ, হাসপাতাল সার্ভিস ম্যানেজমেন্ট (HSM), স্বাস্থ্য অধিদপ্তর | স্বাস্থ্য সেবা বিভাগ ও স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক পরিদর্শন প্রতিবেদন |
| | [২.৪.৩] উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স ও কমিউনিটি ক্লিনিক পরিদর্শন | মনিটরিং স্বাস্থ্য প্রতিষ্ঠন অধিশাখা, স্বাস্থ্য সেবা বিভাগ, হাসপাতাল সার্ভিস ম্যানেজমেন্ট (HSM), স্বাস্থ্য অধিদপ্তর | স্বাস্থ্য সেবা বিভাগ ও স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক পরিদর্শন প্রতিবেদন |
| [২.৪] হাসপাতাল পরিদর্শন ও গবেষণা কার্যক্রম | [২.৪.৪] পরিদর্শন প্রতিবেদনের সুপারিশ বাস্তবায়নে পর্যালোচনা সভা | স্বাস্থ্য সেবা বিভাগ | সভার কার্যবিবরনী |
| [২.৫] প্রসব সুবিধা সম্প্রসারণ | [২.৫.১] আয়রন-ফলেট ট্যাবলেট গ্রহণকারী গর্ভবতী মা | জনস্বাস্থ্য-২, স্বাস্থ্য সেবা বিভাগ, জাতীয় পুষ্টি ইন্সটিটিউশন (NNS) | ডিএসআইএস-২, স্বাস্থ্য অধিদপ্তর |
| | [২.৫.২] প্রসবপূর্ব (ন্যূনতম ৪ বার) সেবা প্রদানকৃত | এমএনসিএএইচ (MNCAH),স্বাস্থ্য অধিদপ্তর | মাস/জেলা ভিত্তিক প্রসবপূর্ব ৪র্থ সেবা সংখ্যা ডিএইচআইএস-২ তে প্রদত্ত রিপোর্ট অফিস প্রধান কর্তৃক সত্যয়িত কপি |
| | [২.৫.৩] প্রসবপূর্ব সেবা বৃদ্ধির জন্য ক্যাম্পেইন আয়োজন | এমএনসিএএইচ (MNCAH), স্বাস্থ্য অধিদপ্তর | ক্যাম্পেইনের ছবি, ও অফিস আদেশ |
| | [২.৫.৪] দক্ষধাত্রী (এসবিএ) দ্বারা পরিচালিত প্রসব | এমএনসিএএইচ(MNCAH),স্বাস্থ্য অধিদপ্তর | দক্ষ দাত্রী দ্বারা প্রসবের রিপোর্ট (অফিস প্রধান কর্তৃক সত্যায়িত) |
| [২.৬] শিশু স্বাস্থ্য সেবা সম্প্রসারণ | [২.৬.১] ইপিআই কভারেজ (এমআর)** | জনস্বাস্থ্য-২ অধিশাখা, স্বাস্থ্য সেবা বিভাগ, এমএনসিএএইচ (MNCAH), স্বাস্থ্য অধিদপ্তর | মাস/জেলা ভিত্তিক ইপিআই কভারেজ (এমআর)সংখ্যা ডিএইচআইএস-২ তে প্রদত্ত রিপোর্ট অফিস প্রধান কর্তৃক সত্যয়িত কপি |
| | [২.৬.২] ই-পিআই কার্যক্রম মনিটরিং | স্বাস্থ্য সেবা বিভাগ ও স্বাস্থ্য অধিদপ্তর | স্বাস্থ্য সেবা বিভাগ ও স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক মনিটরিং/সুপারভিশন প্রতিবেদন |
| [৩.১] বিভিন্ন প্রকল্প বাস্তবায়ন | [৩.১.১] রাঙ্গামাটি মেডিকেল কলেজ হাসপাতাল স্থাপন প্রকল্প ডিপিপি পরিকল্পনা কমিশনে প্রেরণ | পরিকল্পনা অনুবিভাগ, স্বাস্থ্য সেবা বিভাগ | স্বাস্থ্য সেবা বিভাগের পরিকল্পনা অনুবিভাগ কর্তৃক অফিস আদেশের কপি |
| | [৩.১.২] বিভাগীয় শহরে ক্যান্সার হাসপাতাল, কিডনী বিভাগ ও হৃদরোগ বিভাগ নির্মাণকৃত | স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য অধিদপ্তর ও পি ডব্লিউ ডি | পি ডব্লিউ ডি কর্তৃক মাসিক অগ্রগতি প্রতিবেদন |
| | [৩.১.৩] জেলা সদর হাসপাতালে ১০ শয্যা বিশিষ্ট আইসিইউ স্থাপন | সরকারি স্বাস্থ্য ব্যবস্থাপনা-১ অধিশাখা, স্বাস্থ্য সেবা বিভাগ, কোভিড-১৯ ইআরপিপি প্রোজেক্ট, স্বাস্থ্য অধিদপ্তর | স্থাপিত জেলা সদর হাসপাতালের তালিকা অফিস প্রধান কর্তৃক সত্যায়িত |
| | [৩.১.৪] এপিডেমিওলজি ইউনিট স্থাপন | স্বাস্থ্য অধিদপ্তর | স্থাপিত এপিডেমিওলজি ইউনিটের তালিকা অফিস প্রধান কর্তৃক সত্যায়িত |
| [৪.১] ম্যালেরিয়ার প্রকোপ হ্রাসকরণ | [৪.১.১] ম্যালেরিয়া রোগ পরীক্ষার জন্য আগত রোগীর সংখ্যা | সি ডি সি (CDC), স্বাস্থ্য অধিদপ্তর | জেলা/কেন্দ্র ভিত্তিক ম্যালেরিয়া রোগ পরীক্ষার জন্য আগত রোগী তালিকা ও প্রধান কর্তৃক সত্যয়িত |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক |
|---|---|---|---|
| [৪.২] যক্ষ্মা এবং এইচআইভি ও এইডস প্রতিরোধ এবং নিয়ন্ত্রণ জোরদারকরণ | [৪.২.১] সনাক্তকৃত যক্ষা রোগী (সকল কেস) | এনএএসপি (NASP), স্বাস্থ্য অধিদপ্তর | জেলা/কেন্দ্র ভিত্তিক সমন্বিত সেবা ও সহযোগিতা গ্রহণকারী ব্যাক্তি তালিকা ও প্রধান কর্তৃক সত্যয়িত |
| | [৪.২.২] এইচআইভি সনাক্তকরণে সম্বনিত সেবা ও সহযোগিতা গ্রহণকারী ব্যাক্তি | এনএএসপি (NASP), স্বাস্থ্য অধিদপ্তর | অফিস প্রদান কর্তৃক সত্যায়িত মোট নিরাময়কৃত রোগীর সংখ্যা এবং মোট যক্ষ্মা রোগীর সংখ্যা |
| [৪.৩] আইসিইউ ও হাসপাতালের জরুরী যন্ত্রপাতি স্থাপন ও সার্ভিসিংকরণ | [৪.৩.১] বিভিন্ন সরকারী হাসপাতালে লিলেন অথবা ওয়াশিং প্লান্টের সক্ষমতা বৃদ্ধি | বাস্তবায়নকারী অনুবিভাগ যান্ত্রিক শাখা, নিমিউ এন্ড টিসি | নেগেটিভ প্রেসার সিস্টেম স্থাপন কাজ সমাপ্তির প্রত্যয়ন |
| | [৪.৩.২] বিভিন্ন সরকারী হাসপাতালের আইসিইউতে সংক্রামণ প্রতিরোধে নেগেটিভ প্রেসার সিস্টেম স্থাপন | ইলেকট্রনিক শাখা এবং এক্স রে শাখা, নিমিউ এন্ড টিসি | উল্লেখিত উচ্চ প্রযুক্তির ভারী যন্ত্রপাতিগুলির মেরামত কাজ সমাপ্তির প্রত্যয়ন |
| | [৪.৩.৩] নেগেটিভ প্রেসার সিস্টেম স্থাপন, ওয়াশিং প্লান্ট স্থাপন কার্যক্রম ফাংশনাল রিপোর্ট পর্যালোচনা সভা | স্বাস্থ্য সেবা বিভাগ | সভার কার্যবিবরনী |
| [৫.১] ঔষধের মান নিয়ন্ত্রণে তত্ত্বাবধান জোরদারকরণ | [৫.১.১] ঔষধের বিরূপ প্রতিক্রিয়া সংক্রান্ত প্রাপ্ত প্রতিবেদন বিষয়ে কর্মশালা আয়োজন | স্বাস্থ্য সেবা বিভাগ | কর্মশালার আদেশ |
| | [৫.১.২] জিএমপি মানদন্ড অনুযায়ী ঔষধের নমুনা পরীক্ষা | ডিজিডিএ (DGDA) | ঔষধ প্রশাসন অধিদপ্তর (DGDA) হতে প্রাপ্ত নমুনা সংক্রান্ত |
| | [৫.১.৩] জিএমপি মানদন্ড অনুযায়ী ঔষধের নমুনা পরীক্ষা কার্যক্রম বিষয়ে পর্যালোচনা সভা | স্বাস্থ্য সেবা বিভাগ, ডিজিডিএ (DGDA) | পরিদর্শণ প্রতিবেদন |
| | [৫.১.৪] ঔষধের রেজিস্ট্রেশন/জরুরি ব্যবহার অথোরাইজেশন সনদ প্রাপ্তির আবেদন সিটিজেন চার্টার অনুযায়ী নিষ্পত্তির হার | ডিজিডিএ (DGDA) | ঔষধ প্রশাসন অধিদপ্তর (DGDA) হতে প্রাপ্ত সনদ প্রদানের আদেশের কপি |
| | [৫.১.৫] ইডিসিএল এর অভ্যন্তরীন (ঢাকা, বগুড়া,খুলনা, গোপালগঞ্জ) কারখানা পরিদর্শন | স্বাস্থ্য সেবা বিভাগ ও ইডিসিএল | স্বাস্থ্য সেবা বিভাগ ও ইডিসিএল কর্তৃক পরিদর্শন/সুপারভীশন প্রতিবেদন |

## সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | যেসকল অফিসের সাথে সংশ্লিষ্ট | সংশ্লিষ্ট অফিসের সাথে কার্যক্রম সমন্বয়ের কৌশল |
|---|---|---|---|
| পুষ্টি সেবা বৃদ্ধি নিশ্চিত করা | শিশুদের (৬-৫৯ মাস) ভিটামিন–এ খাওয়ানোর হার | স্থানীয় সরকার বিভাগ: স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | পত্র যোগাযোগ |
| পুষ্টি সেবা বৃদ্ধি নিশ্চিত করা | কৃমিনাশক ট্যাবলেট গ্রহণকারী শিশু (৫-১৬ বছর) | স্থানীয় সরকার বিভাগ: স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | পত্র যোগাযোগ |
| বিভিন্ন প্রকল্প বাস্তবায়ন | রাঙ্গামাটি মেডিকেল কলেজ হাসপাতাল স্থাপন প্রকল্প ডিপিপি পরিকল্পনা কমিশনে প্রেরণ | পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয় | পত্র যোগাযোগ |
| বিভিন্ন প্রকল্প বাস্তবায়ন | বিভাগীয় শহরে ক্যান্সার হাসপাতাল, কিডনী বিভাগ ও হৃদরোগ বিভাগ নির্মাণকৃত | গণপূর্ত অধিদপ্তর | পত্র যোগাযোগ |
| শিশু স্বাস্থ্য সেবা সম্প্রসারণ | ইপিআই কভারেজ (এমআর)** | স্থানীয় সরকার বিভাগ: স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | পত্র যোগাযোগ |

## সংযোজনী ৪: যেসব নীতি/পরিকল্পনার আলোকে কর্মসম্পাদন পরিকল্পনা প্রস্তুত করা হয়েছে

| ক্রমিক নম্বর | নীতি/পরিকল্পনার নাম | নীতি/পরিকল্পনার যে অংশের আলোকে এপিএ'র কার্যক্রম গ্রহণ করা হয়েছে | এপিএ'র সংশ্লিষ্ট কার্যক্রম | মন্তব্য |
|---|---|---|---|---|

## সংযোজনী ৫-৯: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ